তারিখ 20 APR 1992
পৃষ্ঠা ৭ কলাম ৬
19 APR 1992

দৈনিক ইত্তেফাক

# সোয়া বছর পর চট্টগ্রাম ভার্সিটি আবার খুলছে

স্টাফ রিপোর্টার : চট্টগ্রাম, ১৮ এপ্রিল।—দীর্ঘ সোয়া বছর পর কড়া নিরাপত্তার মধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলেছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয় প্রশাসন প্রণীত ছাত্র আচরণ বিধির উপর প্রতিষ্ঠিত সর্বদলীয় ঐক্যমত্যের ভিত্তিতে আজ যথারীতি ক্লাস শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকসহ গুরুত্বপূর্ণ জায়গায় একজন

(আটের পাতায় ৫-এর কঃ দ্রঃ)

## সোয়া বছর পর চট্টগ্রাম

(প্রথম পৃঃ পর)

অতিরিক্ত পুলিশ সুপারের নেতৃত্বে সাত প্ল্যাটুন পুলিশ ও গোয়েন্দা পুলিশ অবস্থান নেয়। শুক্রবার রাতঅব্দি হলসমূহের প্রভোস্টরা তাদের নিজ নিজ হলের হাউস টিউটরদের সঙ্গে নিয়ে হলে ওঠা ছাত্র-ছাত্রীদের তদারক করেন। ছাত্রশিবির ও অন্যান্য ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের পর ১৯৯০ সালের ২২ ডিসেম্বর বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্যে বন্ধ হয়ে যায়। বিশ্ববিদ্যালয় ১৯৯১ সালের ১৪ এপ্রিল খোলেছিল কিন্তু হলসমূহে আবারো সংঘর্ষ বাধলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেন। ইতিমধ্যে সরকার সংকট উত্তরণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের জন্যে নতুন ভিসি ও প্রোভিসি নিয়োগ করেন। এই নিয়োগের বিরুদ্ধে সর্বদলীয় ছাত্রঐক্য আন্দোলন শুরু করে। কিন্তু সরকারী নির্দেশের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও সিটি কর্পোরেশনের মেয়র বিশ্ববিদ্যালয় চালুর ব্যাপারে সর্বদলীয় ছাত্রঐক্য ও ছাত্র শিবিরের সঙ্গে কয়েক দফা বৈঠকে মিলিত হয়ে আচরণবিধি প্রণয়ন করেন।

বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু স্বাভাবিক শিক্ষার অনুকূলে পরিবেশ বজায় [illegible] লক্ষ্যে ছাত্রছাত্রী ও শিক্ষকদের আচরণ বিধি তদারক করার জন্য একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে রয়েছে সিটি কর্পোরেশনের মেয়র, ভিসি অধ্যাপক আর আই চৌধুরী, চট্টগ্রামের জেলা প্রশাসক, চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি, পুলিশ সুপার ও চাকসুর ভিপি।

আমাদের বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানিয়েছেন, প্রায় বিশ শতাংশ ছাত্রছাত্রী আজ ক্লাস করতে আসে। তবে অধিকাংশ ক্লাসই ছিল ফাঁকা। বনবিদ্যা বিভাগের ২/৩টি ক্লাস হয়েছে। এছাড়া ভর্তি সংক্রান্ত কাজে বেশ কিছু ছাত্রছাত্রী আজ ভার্সিটিতে যায়।

ছাত্র শিবির বেলা বারটায় গোলাম আযমের মুক্তির দাবীতে ক্যাম্পাসে মিছিল বের করে। অন্য ছাত্র সংগঠনের নেতাদের ক্যাম্পাসে খুব একটা দেখা যায়নি।

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আগামী কাল রোববার থেকে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। সমিতির সভানেত্রী অধ্যাপিকা হামিদা বানুর সভানেতৃত্বে ১নং গ্যালারীতে অনুষ্ঠিত সভায় আগামী ৩০ এপ্রিলের মধ্যে সিন্ডিকেটের একটি নিয়মিত সভা আহ্বানের দাবী জানানো হয়। সভায় ১৯৭৩-এর বিশ্ববিদ্যালয় আইন, সংবিধি ও বিভিন্ন পর্ষদের সিদ্ধান্তসমূহকে অনুপুঙ্খভাবে অনুসরণ করার আহ্বান জানানো হয়।